



সদর দপ্তর বর্ডার গার্ড বাংলাদেশ  
চিকিৎসা শাখা, পিলখানা, ঢাকা  
আউট সোর্সিং পদ্ধতিতে ডাক্তার নিয়োগ বিজ্ঞপ্তি



১। এতদ্বারা, সর্বসাধারণের জন্য জানানো যাচ্ছে যে, গত মে ২০১৫ তারিখ হতে বর্ডার গার্ড বাংলাদেশ এ মোবাইলবেজড টেলিকনসালটেশন সেন্টার (MTC) প্রোগ্রামের মাধ্যমে দেশের প্রত্যন্ত অঞ্চলে কর্মরত বিজিবি সদস্যগণ ও তাদের পরিবারবর্গকে জরুরী চিকিৎসা সেবা প্রদান ছাড়াও এসএমএস এর মাধ্যমে e-prescription সেবা প্রদান করা হচ্ছে। বিজিবি সদস্য ও তাদের পরিবারবর্গকে মোবাইলবেজড টেলিকনসালটেশন সাপোর্ট প্রোগ্রামের মাধ্যমে সার্বক্ষণিক (২৪ ঘন্টা) চিকিৎসা সেবা প্রদানের লক্ষ্যে আউট সোর্সিং পদ্ধতিতে অস্থায়ী পদে কয়েকজন পুরুষ ডাক্তার নিয়োগ প্রদান করা হবে। আগ্রহী প্রার্থীগণ নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে আবেদনপত্র দাখিল করতে পারবেন :

**শর্তাবলী :**

- ক। শিক্ষাগত যোগ্যতা : নূন্যতম এমবিবিএস পাস ও কম্পিউটার পরিচালনায় দক্ষ।
- খ। বয়স : ২৫-৪০ পর্যন্ত।
- গ। বৈবাহিক অবস্থা : বিবাহিত/অবিবাহিত নাগরিক।
- ঘ। বেতন কাঠামো : আলোচনা সাপেক্ষে।
- ঙ। টেলিমিডিসিনে দক্ষতাকে অতিরিক্ত যোগ্যতা হিসাবে বিবেচনা করা হবে।

২। বিজিবি মোবাইলবেজড টেলিকনসালটেশন সেন্টারে (MTC) নিয়োগের ক্ষেত্রে আবেদনপত্রে প্রার্থীর নাম, পিতার নাম, মাতার নাম, স্থায়ী ঠিকানা, মোবাইল নম্বরসহ বর্তমান ঠিকানা, জন্ম তারিখ, শিক্ষাগত যোগ্যতা, জাতীয়তা, ধর্ম, জাতীয় পরিচয়পত্রের নম্বর সহ, অভিজ্ঞতা এবং অন্যান্য যোগ্যতা (যদি থাকে) উল্লেখ করতে হবে। এছাড়াও আবেদনপত্রের সাথে নিম্নবর্ণিত কাগজপত্রসহ আগামী ১৮ ডিসেম্বর ২০১৮ তারিখের মধ্যে অত্র দপ্তরে প্রেরণ করতে হবে :

- ক। শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের সত্যায়িত ছায়াকপি।
- খ। ইউনিয়ন পরিষদ/পৌরসভা চেয়ারম্যান/ওয়ার্ড কমিশনার/১ম শ্রেণীর গেজেটেড অফিসার কর্তৃক বাংলাদেশী স্থায়ী নাগরিকত্বের সনদপত্র/চারিত্রিক সনদপত্র।
- গ। সদ্য তোলা ০২ (দুই) কপি পাসপোর্ট আকারের রঙ্গিন ছবি যা প্রথম শ্রেণীর গেজেটেড অফিসার দ্বারা সত্যায়িত।
- ঘ। জাতীয় পরিচয়পত্রের ছায়াকপি/জন্ম সনদপত্রের ছায়াকপি।
- ঙ। হালনাগাদ BMDC সনদপত্রের ছায়াকপি (সত্যায়িত)।
- চ। কম্পিউটার এবং ইন্টারনেটের মাধ্যমে কাজ করার বাস্তব অভিজ্ঞতার সনদপত্র।

৩। প্রার্থীদের আবেদনপত্র যাচাই-বাছাই করতঃ উপযুক্ত প্রার্থীদের মৌখিক পরীক্ষায় ডাকা হবে। পরীক্ষার তারিখ পরবর্তীতে জানানো হবে। মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন যাতায়াত ভাতা দেয়া হবে না।

নোট : বিলম্বে প্রাপ্ত আবেদনের উপর কোন কার্যক্রম গ্রহণ করা হবে না।

এ এন এম ফজলুল আজম, পিবিজিএমএস, এমপিএইচ, এএমসি  
অতিরিক্ত পরিচালক (চিকিৎসা)  
সদর দপ্তর বর্ডার গার্ড বাংলাদেশ  
চিকিৎসা শাখা, পিলখানা, ঢাকা  
টেলিফোন : ০২-৯৬৫০১৩২